

ঢাকা ওয়াসা

বিষয়ঃ পদ্মা পানি শোধনাগার-এর অধীনে দুইটি কাজের বাজেট বরাদ্দ আন্তঃখাত সমন্বয় প্রসঙ্গে।

১। উপরিউক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পদ্মা পানি শোধনাগার নির্মাণকালে বিভিন্ন দালানের ছাদ পানিরোধী করার জন্য আরসিসি স্লাবের উপর ৬০ মিমি পুরু ব্রিক চিপস লেয়ার, ২০ মিমি পুরু ১:৩ সিমেন্ট মর্টার এবং ৩ মিমি পুরু SBS (Styrene-Butadiene-Styrene) Rubber Polymer Waterproofing Membrane ব্যবহার করা হয় (ক্রমিক নং-০১ দ্রষ্টব্য)। উপরের এই পানিরোধী স্তরের মাধ্যমে ছাদের পানি নিষ্কাশনের স্লোপ তৈরি করায় মূল ছাদে স্লোপ রাখা হয়নি। সম্প্রতি প্লান্টের বিভিন্ন ভবনের অভ্যন্তরে ছাদ থেকে টুইয়ে পানি প্রবেশের ঘটনা অনুসন্ধানে দেখা যায় যে, ভবনের ভিত্তির Uneven Settlement এর কারণে সিমেন্ট মর্টার লেয়ারে ফাটল ধরে এবং অত্যধিক তাপে মেমব্রেনের টেম্পার নষ্ট হয়ে ভেতরে পানি প্রবেশ করে ফলে ব্রিক চিপস লেয়ার পানি শোষণ করে ফাটল বৃদ্ধি পেয়েছে (ক্রমিক নং-০২ দ্রষ্টব্য)। এভাবে প্রতিনিয়ত বৃষ্টির পানি প্রবেশের ফলে দালানসমূহের দেওয়াল ও ছাদের স্থায়িত্ব এবং ভবনের অভ্যন্তরের বহুমূল্যবান যন্ত্রপাতির নিরাপত্তা হুমকির সম্মুখীন। এমতাবস্থায়, ছাদের পানিরোধী ব্যবস্থা হিসেবে লাগসই ও টেকসই ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এরূপ কাজে অভিজ্ঞ বেশ কয়েকটি প্রতিষ্ঠানের মাধ্যমে সরেজমিনে স্যাম্পল করানো হয়। তন্মধ্যে সর্বাধিক মানসম্পন্ন স্যাম্পল এবং কোটেশন গৃহীত হয় (ক্রমিক নং-০৩ দ্রষ্টব্য)। গৃহীত পদ্ধতিতে বিদ্যমান পানিরোধী স্তর ভেঙ্গে অপসারণ করে ছাদ হতে বৃষ্টির পানি নিষ্কাশনের জন্য গড়ে ৩৮ মিমি পুরুত্বের প্যাটেন্ট স্টোন ঢালাই করে তার উপরে কয়েক ধাপে ওয়্যারমেশসহ কেমিক্যাল কোটিং করতে হবে (ক্রমিক নং-০৪ দ্রষ্টব্য)। উল্লেখ্য, পর্যায়ক্রমে ভবনসমূহের ছাদে পানিরোধী ব্যবস্থা নির্মাণের অংশ হিসেবে কাজটি সম্পাদনের উদ্দেশ্যে ২০২৩-২৪ অর্থ বছরে অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় "Supply of necessary items for roof waterproofing of pump house, workshop and sub-station building in IPS" এবং "Supply of necessary items for roof waterproofing of Chlorine house, administration and residential building in BPS" শীর্ষক কাজ দুইটি অন্তর্ভুক্ত করা হয়।

২। ইতোমধ্যে আলোচ্য কাজ দুইটির দরপত্র আহবান করে "Supply of necessary items for roof waterproofing of pump house, workshop and sub-station building in IPS" কাজের জন্য সর্বনিম্ন দরদাতা ঠিকাদার মেসার্স মুকুল এন্টারপ্রাইজ এর সাথে চুক্তিমূল্য ট.২৪,২৪,৯৯৯.৮৩৮ (টাকা চব্বিশ লক্ষ চব্বিশ হাজার নয়শত নিরানব্বই দশমিক আট তিন আট মাত্র) এবং এবং "Supply of necessary items for roof waterproofing of Chlorine house, administration and residential building in BPS" কাজের জন্য সর্বনিম্ন দরদাতা ঠিকাদার মেসার্স অপটিমাম ইঞ্জিনিয়ার্স লিঃ এর সাথে চুক্তিমূল্য ট.২৪,২৪,৮৯৭.৭২০ (টাকা চব্বিশ লক্ষ চব্বিশ হাজার আটশত সাতানব্বই দশমিক সাত দুই শূন্য মাত্র) চুক্তি স্বাক্ষর করা হয় (ক্রমিক নং-০৫ ও ০৬ দ্রষ্টব্য)। উক্ত কাজ দুইটি ঠিকাদার কর্তৃক বাস্তবায়নের শেষ পর্যায়ে রয়েছে। আলোচ্য কাজ দুইটি ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-৮৯ ও ৯০ এ আবাসিক ভবন রক্ষণাবেক্ষণ খাত হতে নির্বাহের প্রস্তাবসহ অন্তর্ভুক্ত আছে (ক্রমিক নং-০৭ দ্রষ্টব্য)। কিন্তু আবাসিক ভবন রক্ষণাবেক্ষণ খাতের ২০২৩-২৪ অর্থ বছরে বরাদ্দকৃত ৫০.০০ লক্ষ টাকা ইতোমধ্যে ব্যয় করা হয়েছে (ক্রমিক নং-০৮ দ্রষ্টব্য)। ফলে আলোচ্য কাজ দুইটির বিল পরিশোধের মত অর্থ উক্ত খাতে নেই বিধায় ঠিকাদারের বিল পরিশোধের স্বার্থে কাজ দুইটি বাবদ সর্বমোট ট.৪৮,৪৯,৮৯৭.৫৫৮ (টাকা আটচল্লিশ লক্ষ ঊনপঞ্চাশ হাজার আটশত সাতানব্বই দশমিক পাঁচ পাঁচ আট মাত্র) টাকার ব্যয় অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট বরাদ্দের পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) খাত হতে আন্তঃখাত সমন্বয়ের মাধ্যমে নির্বাহ করা যেতে পারে। উল্লেখ্য, চলতি অর্থবছরে পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) খাতে প্রায় ৮৫৪.২৯ লক্ষ টাকা অব্যয়িত রয়েছে (ক্রমিক নং-০৯ দ্রষ্টব্য)।


৩। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে ইনটেক পাম্পিং স্টেশন ও বুস্টার পাম্পিং স্টেশনের বিভিন্ন স্থাপনা ও অভ্যন্তরস্থ মূল্যবান যন্ত্রপাতির সুরক্ষার্থে "Supply of necessary items for roof waterproofing of pump house, workshop and sub-station building in IPS" এবং "Supply of necessary items for roof waterproofing of Chlorine house, administration and residential building in BPS" শীর্ষক কাজ দুইটির বিল পরিশোধের সুবিধার্থে আবাসিক ভবন রক্ষণাবেক্ষণ খাতের পরিবর্তে পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) খাতে সর্বমোট ট.৪৮,৪৯,৮৯৭.৫৫৮ (টাকা আটচল্লিশ লক্ষ ঊনপঞ্চাশ হাজার আটশত সাতানব্বই দশমিক পাঁচ পাঁচ আট মাত্র) টাকার ব্যয় নির্বাহের সদয় প্রশাসনিক ও আর্থিক অনুমোদন দেয়া যেতে পারে।



২৪/৩/২৪




18.03.2024


18.03.2024


SE, WSPC

18/03/2024

CE

24/03/24

মুস্তাক্কির রহমান
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

DMD(ORM)

৪। অনু-৩ ও অনু-৭০০ অনুমান (৫৩৭)
২৫৬ টাকা।


19/3/2024

৬৭১৬ এ.কে.এম. সহিদ উদ্দিন
ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


19/3/24

প্রকৌঃ তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

MD.



Government of the People's Republic of Bangladesh
National Board of Revenue

Mushak-2.3

Customs, Excise and VAT Commissionerate, Dhaka (West)
Mohammadpur Division

Value Added Tax Registration Certificate

This is to certify that the person whose details are given below is registered under
Value Added Tax and Supplementary Duty Act, 2012 (Act No. 47 of 2012)

BIN : 004004878-0402

Name of the Entity : OPTIMUM ENGINEERS LTD.
Trading Brand Name : ENGINEERING FIRM
Old BIN : N/A
e-TIN : 230181465491
Address : House No.-28, Road No.-01, Plot-7/A,Dhaka Uddan.;
Mohammadpur PS; Dhaka-1207; Bangladesh
Issue Date : 12/07/2021
Effective Date : 07/2021
Type of Ownership : Private Limited
Major Area of Economic Activity : Consultant & Procure...



This is a system generated certificate and doesn't require any signature